রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৬, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ/ ১১ মে, ২০২২ খ্রিষ্টাব্দ।

এস, আর, ও নং ১০৩-আইন/২০২২।—বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (২০১৩ সনের ৬১ নং আইন) এর ধারা ১২ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। শিরোনাম।—এই বিধিমালা বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) "আইন" অর্থ বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (২০১৩ সনের ৬১ নং আইন);

(২) "আচরণবিধি" অর্থ বিধি ১৫ তে বর্ণিত আচরণবিধি;

(৩) "ট্রাভেল এজেন্সি" অর্থ আইনের ধারা ৫ এর অধীন নিবন্ধিত ট্রাভেল এজেন্সি;

(৪) "নিবন্ধন কর্তৃপক্ষ" অর্থ আইনের ধারা ৩ এর অধীন নির্ধারিত নিবন্ধন কর্তৃপক্ষ;

(৫) "নিবন্ধন নবায়ন সনদ" অর্থ ফরম-৩ অনুসারে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদ;

(৬) "নিবন্ধন সনদ" ফরম-২ অনুসারে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদ;

(৭) "ফরম" অর্থ এই বিধিমালার ফরম।


মূল্য : টাকা ২৪.০০

৩। নিবন্ধন সনদের জন্য আবেদন।—(১) কোনো ব্যক্তি ট্রাভেল এজেন্সি প্রতিষ্ঠা বা পরিচালনা করিতে চাহিলে, নিম্নবর্ণিত কাগজপত্রসহ নিবন্ধন কর্তৃপক্ষের নিকট ফরম-১ অনুসারে নিবন্ধন সনদের জন্য আবেদন করিতে হইবে, যথা:—

(ক) ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি;

(খ) ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন) সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি;

(গ) ব্যবসায়িক ঠিকানা;

(ঘ) কোম্পানি হইলে, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন, আর্টিকেলস অব এসোসিয়েশন, এবং সার্টিফিকেট অব ইনকর্পোরেশনের সত্যায়িত অনুলিপি;

(ঙ) ভ্রমণের সহিত সংশ্লিষ্ট পরিবহন, আবাসন ও অনুরূপ অন্যান্য সুবিধা প্রদানের ক্ষেত্রে কোনো ব্যক্তির নিকট হইতে অতিরিক্ত অর্থ গ্রহণ করিবে না বা তাহাকে মিথ্যা প্রলোভন দেখাইবে না বা তাহার সহিত কোনো প্রতারণার আশ্রয় গ্রহণ করা হইবে না মর্মে হলফনামা;

(চ) আবেদন ফি বাবদ ৫ (পাঁচ) হাজার টাকা বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর সংশ্লিষ্ট কোডে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদানপূর্বক উক্ত ট্রেজারি চালানের মূলকপি; এবং

(ছ) ট্রাভেল এজেন্সি ব্যবসা পরিচালনার জন্য প্রারম্ভিক মূলধন হিসাবে কোনো তফসিলি ব্যাংকে ১০ (দশ) লক্ষ টাকা স্থিতির ব্যাংক সার্টিফিকেট।

(২) নিবন্ধন কর্তৃপক্ষ উপবিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে আবেদনের সহিত দাখিলকৃত তথ্যাবলি ও কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করিবে এবং, প্রয়োজনে, পরীক্ষা-নিরীক্ষার পর্যায়ে আবেদনকারীর নিকট হইতে সংশ্লিষ্ট যে কোনো তথ্য ও কাগজপত্র চাহিতে পারিবে।

৪। নিবন্ধন সনদ ইস্যু ও মেয়াদ।—(১) বিধি ৩ এর উপবিধি (২) এর অধীন আবেদনে উল্লিখিত তথ্যাবলি পরীক্ষা-নিরীক্ষা করিবার পর নিবন্ধন কর্তৃপক্ষ উহার সঠিকতা সম্পর্কে—

(ক) নিশ্চিত হইলে, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর সংশ্লিষ্ট কোডে ৫০ (পঞ্চাশ) হাজার টাকা নিবন্ধন সনদ ফি ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদানের জন্য আবেদনকারীকে পত্র দ্বারা অবহিত করিবে এবং আবেদনকারী উক্ত পত্র প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে নিবন্ধন সনদ ফি জমা প্রদানপূর্বক উহার মূল কপি নিবন্ধন কর্তৃপক্ষের নিকট দাখিল করিবে; এবং

(খ) নিশ্চিত না হইলে, নিবন্ধন সনদের আবেদন নামঞ্জুর করিতে পারিবে এবং কারণ লিপিবদ্ধ করিয়া উক্তরূপ নামঞ্জুরের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) দিনের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করিবে।

(২) উপবিধি (১) এর দফা (ক) এর অধীন নিবন্ধন সনদ ফি প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে নিবন্ধন কর্তৃপক্ষ আবেদন মঞ্জুর করিয়া আইনের ধারা ৭ এর উপধারা (১) এর বিধান অনুযায়ী ৩ (তিন) বৎসরের জন্য ফরম-২ অনুযায়ী আবেদনকারী বরাবরে নিবন্ধন সনদ ইস্যু করিবে।

৫। নিবন্ধন নবায়ন সনদের জন্য আবেদন।—(১) নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার অন্যূন ৬০ (ষাট) দিন পূর্বে নিবন্ধন নবায়ন সনদের জন্য আবেদন করিতে হইবে।

(২) উপবিধি (১) এ উল্লিখিত সময়সীমার মধ্যে যদি নিবন্ধন সনদ নবায়নের জন্য আবেদন দাখিল করিতে ব্যর্থ হইলে আইনের ধারা ৭ এর উপধারা (২ক) এ বর্ণিত সরকার কর্তৃক স্থিরকৃত পরিমাণের জরিমানা প্রদান সাপেক্ষে উপবিধি (১) এ উল্লিখিত সময়সীমার পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে নিবন্ধন সনদ নবায়নের জন্য আবেদন করিতে পারিবে।

(৩) নিবন্ধন সনদ নবায়নের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রসহ নিবন্ধন কর্তৃপক্ষের নিকট ফরম-১ অনুসারে আবেদন করিতে হইবে, যথা:—

(ক) বিধি ৩ এর দফা (ক) হইতে দফা (ছ) এ উল্লিখিত কাগজপত্র;

(খ) বিগত ৩ (তিন) বৎসরে কমপক্ষে ১ কোটি ৫০ লক্ষ টাকার এয়ার টিকিট বিক্রয়ের প্রমাণপত্র;

(গ) কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের তালিকা;

(ঘ) নিবন্ধন সনদের অনুলিপি; এবং

(ঙ) লিমিটেড কোম্পানি এর ক্ষেত্রে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট ফার্ম কর্তৃক নিরীক্ষিত পূর্ববর্তী ৩ (তিন) বৎসরের নিরীক্ষা প্রতিবেদন।

(৪) নিবন্ধন কর্তৃপক্ষ উপবিধি (১) এবং (২) এর অধীন আবেদন প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে আবেদনের সহিত দাখিলকৃত তথ্যাবলি ও কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করিবে এবং, প্রয়োজনে, পরীক্ষা-নিরীক্ষার পর্যায়ে আবেদনকারীর নিকট হইতে সংশ্লিষ্ট যে কোনো তথ্য ও কাগজপত্র চাহিতে পারিবে।

৬। মেয়াদোত্তীর্ণ নিবন্ধন সনদ নবায়নের পদ্ধতি।—কোনো ব্যক্তি বিধি ৫ এর উপবিধি (১) এ উল্লিখিত সময়সীমার মধ্যে নিবন্ধন সনদ নবায়নের জন্য আবেদন দাখিল করিতে ব্যর্থ হইলে-

(ক) বিধি ৫ এর উপবিধি (১) এ বর্ণিত সময়ের পরে নিবন্ধন সনদ নবায়নের আবেদন দাখিল করিবার ইচ্ছা পোষণ করিয়া নিবন্ধন কর্তৃপক্ষ বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নিকট ফরম-৫ অনুসারে আবেদন দাখিল করিবে;

(খ) দফা (ক) এ উল্লিখিত আবেদন প্রাপ্তির পর নিবন্ধন কর্তৃপক্ষ বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা শুনানি গ্রহণ করিয়া সর্বোচ্চ ২৫ (পঁচিশ) হাজার টাকা জরিমানা নির্ধারণপূর্বক আবেদন দাখিলের অনুমতি প্রদান করিতে পারিবেন;

(গ) দফা (খ) এ উল্লিখিত জরিমানার টাকা বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর সংশ্লিষ্ট কোডে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে; এবং

(ঘ) দফা (ক) ও (খ) এ উল্লিখিত আবেদন দাখিল, শুনানি গ্রহণ ও অনুমতি প্রদান বিধি ৫ এর উপবিধি (১) এ বর্ণিত ৬০ (ষাট) দিনের মধ্যে সম্পন্ন করিতে হইবে।

৭। নিবন্ধন নবায়ন সনদ ইস্যু ও মেয়াদ।—(১) বিধি ৫ এর উপবিধি (৩) এর অধীন আবেদনের সহিত দাখিলকৃত তথ্যাবলি ও কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করিবার পর নিবন্ধন কর্তৃপক্ষ উহার সঠিকতা সম্পর্কে—

(ক) নিশ্চিত হইলে, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর সংশ্লিষ্ট কোডে ২৫ (পঁচিশ) হাজার টাকা নিবন্ধন নবায়ন সনদ ফি ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদানের জন্য আবেদনকারীকে পত্র দ্বারা অবহিত করিবে এবং আবেদনকারী উক্ত পত্র প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে নিবন্ধন সনদ ফি জমা প্রদানপূর্বক উহার মূল কপি নিবন্ধন কর্তৃপক্ষের নিকট দাখিল করিবে;

(খ) নিশ্চিত না হইলে, নিবন্ধন নবায়ন সনদের আবেদন নামঞ্জুর করিতে পারিবে এবং কারণ লিপিবদ্ধ করিয়া উক্তরূপ নামঞ্জুরের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) দিনের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করিবে।

(২) উপবিধি (১) এর দফা (ক) এর অধীন নিবন্ধন সনদ ফি প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে নিবন্ধন কর্তৃপক্ষ আবেদন মঞ্জুর করিয়া ৩ (তিন) বৎসরের জন্য ফরম-৩ অনুযায়ী আবেদনকারী বরাবরে নিবন্ধন নবায়ন সনদ ইস্যু করিবে।

৮। ডুপ্লিকেট সনদ ইস্যু ও মেয়াদ।—(১) কোনো কারণে ট্রাভেল এজেন্সির অনুকূলে ইস্যুকৃত নিবন্ধন সনদ বা নিবন্ধন নবায়ন সনদ বিনষ্ট হইলে অথবা হারাইয়া গেলে উক্ত ট্রাভেল এজেন্সি যুক্তিসঙ্গত কারণ ও সংশ্লিষ্ট থানায় অন্তর্ভুক্ত সাধারণ ডায়েরীর অনুলিপিসহ ডুপ্লিকেট সনদ ইস্যুর জন্য নিবন্ধন কর্তৃপক্ষের নিকট বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর সংশ্লিষ্ট কোডে ৫ (পাঁচ) হাজার টাকা ফি ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদানপূর্বক আবেদন করিতে পারিবে।

(২) উপবিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত তথ্যাবলি পরীক্ষা-নিরীক্ষা করিবার পর নিবন্ধন কর্তৃপক্ষ উহার সঠিকতা সম্পর্কে—

(ক) নিশ্চিত হইলে, আবেদনকারীর অনুকূলে সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) দিনের মধ্যে ফরম-২ অনুযায়ী আবেদনকারীকে ডুপ্লিকেট মুদ্রিত সীলসহ সনদ ইস্যু করিবে; এবং

(খ) নিশ্চিত না হইলে, আবেদন নামঞ্জুর করিতে পারিবে এবং কারণ লিপিবদ্ধ করিয়া উক্তরূপ নামঞ্জুরের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) দিনের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে অবহিত করিবে।

(৩) ডুপ্লিকেট সনদের মেয়াদ হইবে উক্ত সনদ ইস্যুর তারিখ হইতে, ক্ষেত্রমত, মূল নিবন্ধন সনদ অথবা নিবন্ধন নবায়ন সনদের অবশিষ্ট মেয়াদকাল পর্যন্ত।

৯। সনদ প্রদর্শন।—প্রত্যেক ট্রাভেল এজেন্সি তাহার ব্যবসাস্থলের দৃশ্যমান স্থানে, ক্ষেত্রমত, মূল নিবন্ধন সনদ অথবা নিবন্ধন নবায়ন সনদ প্রদর্শনের ব্যবস্থা করিবে।

১০। তথ্য প্রদান।—সরকার বা নিবন্ধন কর্তৃপক্ষ, প্রয়োজনে, যে কোনো সময় ট্রাভেল এজেন্সির নিকট হইতে উহার ব্যবসা সম্পর্কিত যে কোনো তথ্য প্রদানের নির্দেশ প্রদান করিতে পারিবে এবং ট্রাভেল এজেন্সি উহা প্রদান করিতে বাধ্য থাকিবে।

১১। ব্যবসার সমাপ্তি ও নিবন্ধন সনদ সমর্পণ, ইত্যাদি।—(১) কোনো ট্রাভেল এজেন্সি উহার ব্যবসা সমাপ্ত করিতে চাহিলে অন্যূন ১ (এক) মাস পূর্বে নিবন্ধন কর্তৃপক্ষকে লিখিতভাবে উহার ব্যবসা সমাপ্ত করিবার অভিপ্রায় অবহিত করিবে এবং ব্যবসা সমাপ্ত করিবার তারিখ হইতে ১৫ (পনেরো) দিনের মধ্যে, ক্ষেত্রমত, উহার মূল নিবন্ধন সনদ অথবা নিবন্ধন নবায়ন সনদ নিবন্ধন কর্তৃপক্ষের নিকট সমর্পণ করিবে।

(২) আইনের ধারা ৯ এর উপধারা (১) এর অধীন কোনো ট্রাভেল এজেন্সির নিবন্ধন সনদ বা নিবন্ধন নবায়ন সনদ স্থগিত বা বাতিল করা হইলে উক্ত আদেশ প্রাপ্তির তারিখ হইতে ১৫ (পনেরো) দিনের মধ্যে সংশ্লিষ্ট ট্রাভেল এজেন্সি স্থগিত বা বাতিলকৃত নিবন্ধন সনদ নিবন্ধন কর্তৃপক্ষের নিকট সমর্পণ করিবে।

১২। নিবন্ধন সনদ হস্তান্তর— (১) আইনের ধারা ৮ এর উপধারা (১) এর বিধান অনুযায়ী নিবন্ধন সনদ হস্তান্তরের ক্ষেত্রে নিম্নবর্ণিত কাগজপত্রসহ নিবন্ধন কর্তৃপক্ষের নিকট ফরম-৪ অনুযায়ী আবেদন করিতে হইবে, যথা:—

(ক) নিবন্ধন সনদধারীর মৃত্যুর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভা বা সিটি কর্পোরেশন এর নিকট হইতে মৃত্যু সনদ, উত্তরাধিকারী সনদ এবং প্রযোজ্য ক্ষেত্রে উত্তরাধিকারীগণের পারস্পরিক সম্মতিপত্র;

(খ) নিবন্ধন সনদধারী শারীরিকভাবে অক্ষম হইলে, সিভিল সার্জন বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা মেডিকেল বোর্ড কর্তৃক প্রদত্ত অক্ষমতার সনদপত্র।

(২) নিবন্ধন কর্তৃপক্ষ উপবিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে আবেদনের সহিত দাখিলকৃত তথ্যাবলি ও কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করিবে এবং, প্রয়োজনে, পরীক্ষা-নিরীক্ষার পর্যায়ে আবেদনকারীর নিকট হইতে সংশ্লিষ্ট যে কোনো তথ্য ও কাগজপত্র চাহিতে পারিবে।

১৩। ট্রাভেল এজেন্সির শাখা কার্যালয় স্থাপন।—(১) আইনের ধারা ৮ এর উপধারা (৩) এর বিধান অনুযায়ী কোনো ট্রাভেল এজেন্সি বাংলাদেশের মধ্যে ট্রাভেল এজেন্সির শাখা কার্যালয় স্থাপন করিতে চাহিলে তাহাকে নিম্নবর্ণিত কাগজপত্রসহ ফরম-৬ অনুযায়ী নিবন্ধন কর্তৃপক্ষের নিকট আবেদন দাখিল করিতে হইবে, যথা:—

(ক) আবেদন ফি বাবদ ৫ (পাঁচ) হাজার টাকা বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর সংশ্লিষ্ট কোডে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করতঃ উক্ত ট্রেজারি চালানের মূলকপি;

(খ) কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের তালিকা;

(গ) নিবন্ধন সনদের অনুলিপি;

(ঘ) ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি; এবং

(ঙ) অফিস ভাড়ার চুক্তিপত্র বা ট্রাভেল এজেন্সির মালিকানার প্রমাণপত্র।

(২) আইনের ধারা ৮ এর উপধারা (৩) এর বিধান অনুযায়ী কোনো ট্রাভেল এজেন্সি বাংলাদেশের বাহিরে ট্রাভেল এজেন্সির শাখা কার্যালয় স্থাপন করিতে চাহিলে তাহাকে নিম্নবর্ণিত কাগজপত্রসহ ফরম-৬ অনুসারে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট আবেদন দাখিল করিতে হইবে, যথা:—

(ক) আবেদন ফি বাবদ ৫ (পাঁচ) হাজার টাকা বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর সংশ্লিষ্ট কোডে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করতঃ এবং উক্ত ট্রেজারি চালানের মূলকপি;

(খ) কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের তালিকা;

(গ) নিবন্ধন সনদের অনুলিপি;

(ঘ) ট্রেড লাইসেন্সের অনুলিপি;

(ঙ) অফিস ভাড়ার চুক্তিপত্র বা ট্রাভেল এজেন্সির মালিকানার প্রমাণপত্র; এবং

(চ) সংশ্লিষ্ট দেশের আইন ও বিধি অনুযায়ী ব্যবসায় পরিচালনা সংক্রান্ত অনুমতিপত্র।

১৪। ট্রাভেল এজেন্সির ব্যবসায়িক ঠিকানা পরিবর্তন।—আইনের ধারা ৮ এর উপধারা (২) এর বিধান অনুযায়ী কোনো ট্রাভেল এজেন্সি তাহার ব্যবসায়িক ঠিকানা পরিবর্তন করিতে চাহিলে তাহাকে নিম্নবর্ণিত কাগজপত্রসহ ফরম-৭ অনুযায়ী নিবন্ধন কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে, যথা:—

(ক) বাড়ি ভাড়ার চুক্তিপত্র বা ট্রাভেল এজেন্সির মালিকানার সনদপত্র;

(খ) ভাড়া পরিশোধের রশিদ বা হোল্ডিং ট্যাক্স প্রদানের রশিদ (প্রযোজ্য ক্ষেত্রে);

(গ) নিবন্ধন সনদের অনুলিপি; এবং

(ঘ) ট্রেড লাইসেন্সের অনুলিপি।

১৫। আচরণবিধি।—ট্রাভেল এজেন্সির নিম্নবর্ণিত কার্যাবলি এজেন্সির আচরণবিধির পরিপন্থী বলিয়া গণ্য হইবে, যথা:—

(ক) বিদেশ ভ্রমণসহ হজ কার্যক্রমের ক্ষেত্রে জালিয়াতি ও অনিয়মের আশ্রয় গ্রহণ করা;

(খ) গ্রাহককে অঙ্গীকারবদ্ধ সেবা প্রদান না করা;

(গ) গ্রাহককে মিথ্যা তথ্য প্রদান বা প্রতারণার আশ্রয় গ্রহণ করা;

(ঘ) ট্রাভেল এজেন্সির সহিত সংশ্লিষ্ট নহে এইরূপ কোনো কার্যক্রম অবৈধভাবে গ্রহণ করা;

(ঙ) নিবন্ধন সনদ বাতিল করা সত্ত্বেও ট্রাভেল এজেন্সি-সম্পর্কিত কার্যক্রম পরিচালনা করা;

(চ) গ্রাহককে কোনো ধরনের হয়রানি করা; এবং

(ছ) বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (২০১৩ সনের ৬১ নং আইন) ও ইহার অধীন প্রণীত বিধি ও প্রবিধির বিধানাবলি এবং সরকার কর্তৃক জারীকৃত এতৎসংশ্লিষ্ট প্রজ্ঞাপন, আদেশ বা নির্দেশ প্রতিপালন না করা।

১৬। অপরাধের আপসযোগ্যতার ক্ষেত্রে জরিমানা আরোপ ও আদায় পদ্ধতি।—আইনের ধারা ১১ক এর উপধারা (২) এর বিধান অনুযায়ী অপরাধের আপসরফার ক্ষেত্রে জরিমানা আরোপ ও আদায়ের পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা:—

(১) নিবন্ধন কর্তৃপক্ষ স্ব-উদ্যোগে বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির প্রতিবেদন প্রাপ্তির পর তথ্য যাচাইপূর্বক আইনের ধারা ১১ এর অধীন কোনো অপরাধ সংঘটিত হইয়াছে মর্মে নিশ্চিত হইলে, আদালতে প্রতিবেদন দাখিলের পরিবর্তে আইনের ধারা ১১ক এর উপধারা (২) এর বিধান অনুযায়ী আপসরফা করিতে পারিবে।

(২) উপবিধি (১) অনুযায়ী আপসরফার সিদ্ধান্ত গৃহীত হইলে নিবন্ধন কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ট্রাভেল এজেন্সিকে শুনানির যুক্তিসংগত সুযোগ প্রদান করিয়া অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা আদায়পূর্বক বিষয়টি নিষ্পত্তি করিতে পারিবে।

(৩) উপবিধি (২) অনুযায়ী জরিমানা আরোপ করা হইলে উক্ত জরিমানার অর্থ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর সংশ্লিষ্ট কোডে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদানপূর্বক উহার মূল কপি নিবন্ধন কর্তৃপক্ষের সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনেরো) দিনের মধ্যে দাখিল করিতে হইবে।

(৪) উপবিধি (৩) এ বর্ণিত সময়সীমার মধ্যে জরিমানার অর্থ পরিশোধ না করা হইলে আপসরফার উদ্যোগ ব্যর্থ হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং নিবন্ধন কর্তৃপক্ষ বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা আদালতে প্রতিবেদন দাখিল করিতে পারিবে।

১৭। আপিল কর্তৃপক্ষ নিয়োগ।—আইনের ধারা ১০ এর উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, অন্যূন যুগ্মসচিব বা সমপদমর্যাদার এক বা একাধিক কর্মকর্তাকে অফিস আদেশ দ্বারা আপিল কর্তৃপক্ষ হিসাবে নিয়োগ প্রদান করিতে পারিবে।

১৮। আপিল নিষ্পত্তির পদ্ধতি।—(১) আইনের ধারা ১০ এর অধীন আপিল দায়েরের ক্ষেত্রে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর সংশ্লিষ্ট কোডে ৫ (পাঁচ) হাজার টাকা ফি ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদানপূর্বক নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আদেশের বিরুদ্ধে উক্ত আদেশ প্রদানের তারিখ হইতে ৬০ (ষাট) দিনের মধ্যে আপিল কর্তৃপক্ষের নিকট আপিল দায়ের করা যাইবে।

(২) আপিল কর্তৃপক্ষ যেরূপ উপযুক্ত মনে করিবে, সেইরূপ তদন্ত ও শুনানীঅন্তে আপিল নিষ্পত্তি করিবে।

(৩) আপিল আবেদন প্রাপ্তির তারিখ হইতে ৯০ (নব্বই) কার্যদিবসের মধ্যে উহা নিষ্পত্তি করিতে হইবে।

(৪) আপিল নিষ্পত্তির ক্ষেত্রে আপিল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৯। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।—(১) এই বিধিমালা কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) ইংরেজি পাঠ এবং মূল বাংলা পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রধান্য পাইবে।

২০। রহিতকরণ ও হেফাজত।—(১) বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৪, অতঃপর রহিত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দারা রহিত করা হইল।

(২) উপবিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত রহিত বিধিমালার অধীন,—

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা ইস্যুকৃত কোনো নিবন্ধন সনদ, এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে, এবং এই বিধিমালার অধীন জারীকৃত বা ইস্যুকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(গ) কোনো মামলা বা কার্যধারা, এই বিধিমালা কার্যকর হইবার সময়, অনিষ্পন্ন বা চলমান থাকিলে উহা যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে; এবং

(ঘ) কোনো ট্রাভেল এজেন্সিকে প্রদত্ত নিবন্ধন সনদ ও নিবন্ধন নবায়ন সনদ উহার নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত এমনভাবে বলবৎ থাকিবে যেন উক্ত বিধিমালা রহিত হয় নাই।

ফরম-১

[বিধি ৩ এর উপবিধি (১) ও বিধি ৫ এর উপবিধি (৩) দ্রষ্টব্য]
নিবন্ধন সনদ/নিবন্ধন নবায়ন সনদ এর আবেদন ফরম
[প্রযোজ্য ক্ষেত্রে (√) টিক দিন]

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম | : | |
| ২। | (ক) পিতা/স্বামীর নাম<br>(খ) মাতার নাম | : | |
| ৩। | ঠিকানা:<br>(ক) স্থায়ী ঠিকানা<br>(খ) বর্তমান ঠিকানা | <br>:<br>: | |
| ৪। | পেশা | : | |
| ৫। | জাতীয়তা | : | |
| ৬। | প্রস্তাবিত মালিকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি | | |
| ৭। | ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি | : | |
| ৮। | ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন) [টিআইএন সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি ও সর্বশেষ ট্যাক্স পরিশোধের প্রমাণপত্রের কপি সংযুক্ত করিতে হইবে।] | : | |
| ৯। | বিজনেস আইডেনটিফিকেশন নম্বর (BIN) [যদি থাকে] [BIN সার্টিফিকেটের কপি সংযুক্ত করিতে হইবে।] | : | |
| ১০। | ব্যবসায়িক ঠিকানা, টেলিফোন, ফ্যাক্স ও ই-মেইল নম্বর | : | |
| ১১। | ব্যবসা প্রতিষ্ঠানের বিবরণ:<br>(ক) ভবনের মালিকানা (নিজস্ব/ভাড়াকৃত)<br>(খ) আয়তন<br>(ব্যবসায়িক ঠিকানার মালিকানা সংক্রান্ত প্রমাণপত্র অথবা ভাড়ার চুক্তি পত্রের কপি সংযুক্ত করিতে হইবে)। | :<br>: | |
| ১২। | কোম্পানি হইলে, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন, আর্টিকেলস অব এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকর্পোরেশনের সত্যায়িত অনুলিপি | : | |
| ১৩। | ট্রাভেল এজেন্সির নাম | : | |
| ১৪। | ভ্রমণের সহিত সংশ্লিষ্ট পরিবহন, আবাসন ও অনুরূপ অন্যান্য সুবিধা প্রদানের ক্ষেত্রে কোনো ব্যক্তির নিকট হইতে অতিরিক্ত অর্থ গ্রহণ করিবে না বা তাহাকে মিথ্যা প্রলোভন দেখাইবে না বা তাহার সহিত কোনো প্রতারণার আশ্রয় গ্রহণ করা হইবে না মর্মে হলফনামার কপি সংযুক্ত করিতে হইবে। | : | |
| ১৫। | ট্রাভেল এজেন্সির মালিকানার ধরন | : | |
| ১৬। | পরিচালক/স্বত্বাধিকারী/অংশীদারগণের বিবরণ | : | |
| ১৭। | ট্রাভেল এজেন্সির ব্যাংক হিসাবের বিবরণ:<br>(ক) একাউন্ট নম্বর<br>(খ) ব্যাংকের নাম<br>(গ) শাখার নাম | <br>:<br>:<br>: | |

| | | | |
|---|---|---|---|
| ১৮। | ট্রেজারি চালানের নম্বর (ট্রেজারি চালানের মূলকপি সংযুক্ত করিতে হইবে) | : | |
| ১৯। | নিবন্ধন সনদ নম্বর (শুধুমাত্র নিবন্ধন সনদ নবায়নের ক্ষেত্রে পূরণযোগ্য)<br>নিবন্ধন সনদের কপি সংযুক্ত করিতে হইবে। | : | |
| ২০। | কর্মকর্তা ও কর্মচারীগণের বিবরণ (শুধুমাত্র নিবন্ধন সনদ নবায়নের ক্ষেত্রে পূরণযোগ্য) | : | |
| ২১। | নিবন্ধন সনদ নবায়নের সময়কাল | : | |

পরিচালক/স্বত্বাধিকারী/অংশদারীগণের বিবরণ

| নাম | ঠিকানা | জাতীয়তা | ট্রাভেল এজেন্সিতে পদমর্যাদা |
|---|---|---|---|
| | | | |

কর্মকর্তা-কর্মচারীগণের বিবরণ

| নাম ও পদবি | জাতীয়তা | শিক্ষাগত যোগ্যতা | নিয়োগের তারিখ | অভিজ্ঞতা | পাসপোর্ট নম্বর (বিদেশি নাগরিকদের ক্ষেত্রে) |
|---|---|---|---|---|---|
| | | | | | |

স্বাক্ষর
(আবেদনকারীর পূর্ণ নাম)
সীল

(আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে)।

(বাংলা)

ফরম-২

[বিধি ৪ এর উপবিধি (২) দ্রষ্টব্য]

ট্রাভেল এজেন্সি নিবন্ধন সনদ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

ট্রাভেল এজেন্সি নিবন্ধন সনদ

নিবন্ধন সনদ নম্বর :

তারিখ :

নিবন্ধন সনদ ইস্যুর তারিখ :

নিবন্ধন সনদের মেয়াদ উত্তীর্ণের তারিখ :

বরাবর : ................

ট্রাভেল এজেন্সির নাম :..........

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালক :

জনাব :.................

ঠিকানা :................

বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (২০১৩ সনের ৬১ নং আইন) এর ধারা ৫ এর উপধারা (২) এর দফা (ক) এবং বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর বিধি ৪ এর উপবিধি (২) এর বিধান অনুযায়ী ................................... কে .................. তারিখ হইতে ....................তারিখ পর্যন্ত, নিবন্ধন সনদের শর্তাবলি সাপেক্ষে, ৩ (তিন) বৎসরের জন্য ট্রাভেল এজেন্সি হিসাবে নিবন্ধন করা হইল।

.....................

.....................

নিবন্ধন কর্তৃপক্ষ

(বাংলা)

নিবন্ধন সনদের শর্তাবলি:

(১) আইন ও বিধিমালা অনুযায়ী ট্রাভেল এজেন্সির আচরণ ও কার্যক্রম পরিচালনা করিতে হইবে।

(২) নিবন্ধন সনদ, নিবন্ধন কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত, হস্তান্তরযোগ্য হইবে না।

(৩) বিদেশ ভ্রমণসহ হজ কার্যক্রমের ক্ষেত্রে জালিয়াতি ও অনিয়মের আশ্রয় গ্রহণ করা যাইবে না।

(৪) ট্রাভেল এজেন্সি গ্রাহককে অঙ্গীকারবদ্ধ সেবা প্রদান করিতে বাধ্য থাকিবে।

(৫) ট্রাভেল এজেন্সি মিথ্যা তথ্য প্রদান বা প্রতারণার আশ্রয় গ্রহণ করিতে পারিবে না।

(৬) ট্রাভেল এজেন্সির সহিত সংশ্লিষ্ট নহে এমন কোনো কার্যক্রম গ্রহণ করা যাইবে না।

(৭) ট্রাভেল এজেন্সির নিবন্ধন সনদ বাতিল করা হইলে উক্ত ট্রাভেল এজেন্সি কোনো কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না।

(৮) গ্রাহককে কোনো ধরনের হয়রানি করা যাইবে না।

(৯) ট্রাভেল এজেন্সির নিয়মিত অফিস বা অনুমোদিত শাখার সম্মুখভাগে কার্যালয়ের নাম, ঠিকানা ও নিবন্ধন নম্বর সংবলিত সাইনবোর্ড থাকিবে।

(১০) আইন বা বিধি মোতাবেক নিবন্ধন কর্তৃপক্ষ বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে অফিস পরিদর্শন বা যে কোনো তদন্তে ট্রাভেল এজেন্সি প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিবে এবং, ক্ষেত্রমত, তথ্য প্রদান করিবে।

(১১) ট্রাভেল এজেন্সি ভিসা সংগ্রহ, অধ্যয়ন, উমরাহ ভিসা বা অন্য কোনোভাবে বৈদেশিক চাকরির জন্য লোক নিয়োগে জড়িত হইতে পারিবে না বা কোনো ব্যক্তিকে উক্তরূপ কার্যে সহায়তা প্রদান করিবে না।

(১২) ট্রাভেল এজেন্সি কোনো প্রকারের বেআইনি কার্যকলাপে অংশগ্রহণ করিতে পারিবে না।

(১৩) নিবন্ধন সনদের অনুলিপি কার্যালয়ের দৃশ্যমান স্থানে প্রর্দশন করিতে হইবে।

(English)

Form-2

[See sub-rule (2) of rule 4]

Travel Agency Registration Certificate

Government of the People's Republic of Bangladesh
Ministry of Civil Aviation and Tourism

Travel Agency Registration Certificate

Registration Certificate No. [ ]

Date:

Issue Date of Registration Certificate:
Expiry Date of Registration Certificate:

To: ……………………………

Name of the Travel Agency: ................

Proprietor/Managing Partner/Managing Director: .............

Mr..................................

Address: ................

As per provisions of clause (A), sub-section (2), section 5 of Bangladesh Travel Agency (Registration and Control) Act, 2013 (Act No. 61 of 2013) and sub-rule (2) of rule 4 of Bangladesh Travel Agency (Registration and Control) Rules, 2022, ........................................................................... has been registered, subject to the conditions of the Registration Certificate, as a Travel Agency for a period of 3 (three) years from.............................. to..........................................

…………….....
…………….....

Registration Authority

(English)

Conditions of Registration Certificate

(1) The conduct and activities of the Travel Agency shall be in accordance with the law and rules.

(2) The Registration Certificate shall not be transferable without the approval of the Registration Authority.

(3) The Travel Agency shall not resort to fraud and irregularities in the conduct of Hajj activities, including foreign travel.

(4) The Travel Agency is bound to provide committed services to the client.

(5) The Travel Agency may not resort to false information or fraud.

(6) No activity shall be undertaken which are not affiliated with the Travel Agency.

(7) In case of revocation of the registration certificate of the Travel Agency, the said Travel Agency shall not conduct any agency activity.

(8) The client shall not be harassed in any way.

(9) There must be a signboard in front of the regular office or authorized branch with the name, address and registration number of the office by the Travel Agency.

(10) In case of inspection of the agency by the Registration Authority or the officer authorised by it in accordance with the law and rules, the Travel Agency must provide necessary assistance in any investigation and as the case may be, provide information.

(11) The Travel Agency must not be involved or provide assistance to any person in relation to visa collection, study, Umrah or foreign employment through any other mode.

(12) The Travel Agency is not allowed to participate in any illegal activity.

(13) A copy of the Registration Certificate should be displayed in the visible place of the office.

(বাংলা)

ফরম-৩
[বিধি ৭ এর উপবিধি (২) দ্রষ্টব্য]

ট্রাভেল এজেন্সি নিবন্ধন নবায়ন সনদ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

ট্রাভেল এজেন্সি নিবন্ধন নবায়ন সনদ

মূল নিবন্ধন সনদ নম্বর :

নিবন্ধন নবায়ন সনদ নম্বর :

তারিখ :

নিবন্ধন নবায়ন সনদ ইস্যুর তারিখ :
নিবন্ধন নবায়ন সনদের মেয়াদ উত্তীর্ণের তারিখ :

বরাবর :... ... ... ... ... .....

ট্রাভেল এজেন্সির নাম :... ... ... ...

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালক :

জনাব :.................

ঠিকানা :................

বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (২০১৩ সনের ৬১ নং আইন) এর ধারা ৭ এর উপধারা (৩) এর দফা (ক) এবং বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর বিধি ৭ এর উপবিধি (২) এর বিধান অনুযায়ী .................................. কে .................. তারিখ হইতে ...................তারিখ পর্যন্ত, মূল নিবন্ধন সনদের শর্ত সাপেক্ষে, ৩ (তিন) বৎসরের জন্য ট্রাভেল এজেন্সি হিসাবে নিবন্ধন সনদ নবায়ন করা হইল।

... ... ... ... ... ... ... ...

... ... ... ... ... ...

নিবন্ধন কর্তৃপক্ষ

(English)

Form-3

[See sub-rule (2) of rule 7]

Travel Agency Registration Renewal Certificate

Government of the People's Republic of Bangladesh

Ministry of Civil Aviation and Tourism

Travel Agency Registration Renewal Certificate

Registration Certificate No. [ ]

Registration Renewal Certificate No. [ ]

Date:

Issue Date of Registration Certificate:

Expiry Date of Registration Certificate:

To:……………………………

Name of the Travel Agency: ................

Proprietor/Managing Partner/Managing Director: ..............

Mr..................................

Address: ................

As per provisions of clause (A), sub-section (3), section 7 of Bangladesh Travel Agency (Registration and Control) Act, 2013 (Act No. 61 of 2013) and sub-rule (2) of rule 7 of Bangladesh Travel Agency (Registration and Control) Rules, 2022, .......................................................................... has been renewed, subject to the conditions of the original Registration Certificate, as a Travel Agency for a period of 3 (three) years from .................................to...........................................

…………….....

…………........

Registration Authority

ফরম-৪
[বিধি ১২ এর উপবিধি (১) দ্রষ্টব্য]
নিবন্ধন সনদ হস্তান্তরের আবেদন ফরম
[প্রযোজ্য ক্ষেত্রে (√) টিক দিন]

| | | | |
|---|---|---|---|
| ১। | ট্রাভেল এজেন্সির নাম | : | |
| ২। | ট্রাভেল এজেন্সির মালিকানার ধরন | : | |
| ৩। | আবেদনকারী মালিকের নাম | : | |
| ৪। | (ক) পিতা/স্বামীর নাম<br>(খ) মাতার নাম | : | |
| ৫। | প্রস্তাবিত হস্তান্তর গ্রহণকারী মালিকের ঠিকানা:<br>(ক) স্থায়ী ঠিকানা<br>(খ) বর্তমান ঠিকানা | <br>:<br>: | |
| ৬। | প্রস্তাবিত হস্তান্তর গ্রহণকারীর পেশা | : | |
| ৭। | প্রস্তাবিত হস্তান্তর গ্রহণকারীর জাতীয়তা | : | |
| ৮। | প্রস্তাবিত হস্তান্তর গ্রহণকারীর জাতীয় পরিচয়পত্রের অনুলিপি | : | |
| ৯। | নিবন্ধন সনদ/নিবন্ধন নবায়ন সনদের অনুলিপি | : | |
| ১০। | প্রস্তাবিত হস্তান্তর গ্রহণকারীর ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি | : | |
| ১১। | প্রস্তাবিত হস্তান্তর গ্রহণক্যারীর ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন) [টিআইএন সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি ও সর্বশেষ ট্যাক্স পরিশোধের প্রমাণপত্রের অনুলিপি সংযুক্ত করিতে হইবে]। | : | |
| ১২। | প্রস্তাবিত হস্তান্তর গ্রহণকারীর বিজনেস আইডেনটিফিকেশন নম্বর (BIN) [যদি থাকে] [BIN সার্টিফিকেটের অনুলিপি সংযুক্ত করিতে হইবে] | : | |
| ১৩। | প্রস্তাবিত হস্তান্তর গ্রহণকারীর ব্যবসায়িক ঠিকানা, টেলিফোন, ফ্যাক্স ও ই-মেইল নম্বর | : | |
| ১৪। | প্রস্তাবিত হস্তান্তর গ্রহণকারীর ব্যবসা প্রতিষ্ঠানের বিবরণ:<br>(ক) ভবনের মালিকানা (নিজস্ব/ভাড়াকৃত)<br>(খ) আয়তন<br>(ব্যবসায়িক ঠিকানার মালিকানা সংক্রান্ত প্রমাণপত্র অথবা ভাড়ার চুক্তি পত্রের কপি সংযুক্ত করিতে হইবে)। | :<br>: | |
| ১৫। | নিবন্ধন সনদধারীর মৃত্যুর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভা বা সিটি কর্পোরেশন এর নিকট হইতে মৃত্যুসনদ, উত্তরাধিকারী সনদ এবং প্রযোজ্য ক্ষেত্রে উত্তরাধিকারীগণের পারস্পরিক সম্মতিপত্র; | : | |
| ১৬। | নিবন্ধন সনদধারী শারীরিকভাবে অক্ষম হইলে, সিভিল সার্জন বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা মেডিকেল বোর্ড কর্তৃক প্রদত্ত অক্ষমতার সনদপত্র; | : | |

প্রস্তাবিত পরিচালক/স্বত্বাধিকারী/অংশদারীগণের বিবরণ

| নাম | ঠিকানা | জাতীয়তা | ট্রাভেল এজেন্সিতে পদমর্যাদা |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

স্বাক্ষর
(আবেদনকারীর পূর্ণ নাম)
সীল

(আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে)।

ফরম-৫

[বিধি ৬ দ্রষ্টব্য]

মেয়াদোত্তীর্ণ নিবন্ধন সনদ নবায়নের আবেদন ফরম

[প্রযোজ্য ক্ষেত্রে (√) টিক দিন]

| | | | |
|---|---|---|---|
| ১। | ট্রাভেল এজেন্সির নাম | : | |
| ২। | ট্রাভেল এজেন্সির মালিকানার ধরন | : | |
| ৩। | আবেদনকারী মালিকের নাম | : | |
| ৪। | নিবন্ধন সনদ/নিবন্ধন নবায়ন সনদের অনুলিপি | : | |
| ৫। | মালিকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি | : | |
| ৬। | নির্ধারিত সময়সীমার মধ্যে নিবন্ধন সনদ নবায়নের আবেদন দাখিলে ব্যর্থ হওয়ার কারণ | : | |

স্বাক্ষর
(আবেদনকারীর পূর্ণ নাম)
সীল

(আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে)।

ফরম-৬

[বিধি ১৩ এর উপবিধি (১) ও (২) দ্রষ্টব্য]

শাখা কার্যালয় স্থাপন এর আবেদন ফরম

[প্রযোজ্য ক্ষেত্রে (√) টিক দিন]

| | | | |
|---|---|---|---|
| ১। | ট্রাভেল এজেন্সির নাম | : | |
| ২। | ট্রাভেল এজেন্সির মালিকানার ধরন | : | |
| ৩। | আবেদনকারী মালিকের নাম | : | |
| ৪। | মালিকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি | : | |
| ৫। | নিবন্ধন সনদ/নিবন্ধন নবায়ন সনদের অনুলিপি | : | |
| ৬। | প্রস্তাবিত ঠিকানায় অফিস ভাড়ার চুক্তিপত্র/ট্রাভেল এজেন্সির মালিকানার প্রমাণপত্র | : | |
| ৭। | ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন) [টিআইএন সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি ও সর্বশেষ ট্যাক্স পরিশোধের প্রমাণপত্রের কপি সংযুক্ত করিতে হইবে।] | : | |
| ৮। | বিজনেস আইডেনটিফিকেশন নম্বর (BIN) [যদি থাকে] [BIN সার্টিফিকেটের কপি সংযুক্ত করিতে হইবে] | : | |
| ৯। | মূল ব্যবসায়িক ঠিকানা, টেলিফোন, ফ্যাক্স ও ই-মেইল নম্বর | : | |
| ১০। | প্রস্তাবিত শাখা কার্যালয়ের বিবরণ:<br>(ক) ভবনের মালিকানা (নিজস্ব/ভাড়াকৃত)<br>(খ) আয়তন<br>(ব্যবসায়িক ঠিকানার মালিকানা সংক্রান্ত প্রমাণপত্র অথবা ভাড়ার চুক্তিপত্রের কপি সংযুক্ত করিতে হইবে) | :<br>: | |
| ১১। | ট্রেজারি চালানের নম্বর (ট্রেজারি চালানের মূলকপি সংযুক্ত করিতে হইবে) | : | |
| ১২। | সংশ্লিষ্ট দেশের আইন ও বিধি অনুযায়ী ব্যবসা পরিচালনা সংক্রান্ত অনুমতিপত্র (শুধুমাত্র দেশের বাহিরে শাখা কার্যালয় স্থাপন করিতে চাহিলে) | : | |

পরিচালক/স্বত্বাধিকারী/অংশদারীগণের বিবরণ

| নাম | ঠিকানা | জাতীয়তা | ট্রাভেল এজেন্সিতে পদমর্যাদা |
|---|---|---|---|
| | | | |

শাখা কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীগণের বিবরণ

| নাম ও পদবি | জাতীয়তা | শিক্ষাগত যোগ্যতা | নিয়োগের তারিখ | অভিজ্ঞতা | পাসপোর্ট নম্বর (বিদেশী নাগরিকদের ক্ষেত্রে) |
|---|---|---|---|---|---|
| | | | | | |

স্বাক্ষর

(আবেদনকারীর পূর্ণ নাম)

সীল

(আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে)।

ফরম-৭
[বিধি ১৪ দ্রষ্টব্য]
ব্যবসায়িক ঠিকানা পরিবর্তন এর আবেদন ফরম
[প্রযোজ্য ক্ষেত্রে (√) টিক দিন]

| | | | |
|---|---|---|---|
| ১। | ট্রাভেল এজেন্সির নাম | : | |
| ২। | ট্রাভেল এজেন্সির মালিকানার ধরন | : | |
| ৩। | আবেদনকারী মালিকের নাম | : | |
| ৪। | নিবন্ধন সনদ/নিবন্ধন নবায়ন সনদের অনুলিপি | : | |
| ৫। | প্রস্তাবিত ঠিকানায় অফিস ভাড়ার চুক্তিপত্র/ট্রাভেল এজেন্সির মালিকানার প্রমাণপত্র | : | |
| ৬। | মালিকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি | : | |
| ৭। | প্রস্তাবিত ব্যবসায়িক ঠিকানার বিবরণ:<br>(ক) ভবনের মালিকানা (নিজস্ব/ভাড়াকৃত)<br>(খ) আয়তন<br>(ব্যবসায়িক ঠিকানার মালিকানা সংক্রান্ত প্রমাণপত্র অথবা ভাড়ার চুক্তিপত্রের কপি সংযুক্ত করিতে হইবে)। | :<br>: | |

স্বাক্ষর
(আবেদনকারীর পূর্ণ নাম)
সীল

(আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে)।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

তাহমিনা ইয়াসমিন
যুগ্মসচিব
ও
নিবন্ধন কর্তৃপক্ষ।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd